

নোবিপ্রবি/জনওপ্রকা/সংবাদ বিজ্ঞপ্তি/২০২৫/২০১৫

১৬ জানুয়ারি ২০২৫

সংবাদ বিজ্ঞপ্তি

## বর্ণাঢ্য আয়োজনে তৃতীয় নোবিপ্রবি জাতীয় সায়েন্স ফেস্ট অনুষ্ঠিত

বর্ণাঢ্য আয়োজনে নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (নোবিপ্রবি) দেশের বিভিন্ন স্কুল-কলেজ ও বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের অংশগ্রহণে তৃতীয় নোবিপ্রবি জাতীয় সায়েন্স ফেস্ট অনুষ্ঠিত হয়েছে। আজ শনিবার (১৮ জানুয়ারি ২০২৫) নোবিপ্রবি কেন্দ্রীয় অডিটোরিয়াম ভবনের সামনে ফিতা কেটে ও বেলুন উড়িয়ে অনুষ্ঠানের উদ্বোধন করেন প্রধান পৃষ্ঠপোষক বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল।

প্রধান পৃষ্ঠপোষকের বক্তব্যে নোবিপ্রবি উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল বলেন, নোবিপ্রবি সায়েন্স ক্লাব নোয়াখালীর বিভিন্ন স্কুল কলেজের ছাত্র-ছাত্রীদের সঙ্গে নোবিপ্রবির একটা সংযোগ করে দিতে পেরেছে তার জন্য আমি নোবিপ্রবি সায়েন্স ক্লাব কে বিশেষভাবে ধন্যবাদ জানাই। গতানুগতিক পড়াশোনার বাইরেও আমরা ছাত্র-ছাত্রীদের এক্সট্রা কারিকুলার একটিভিটিজে যুক্ত করতে চাই। আমরা চাই আমাদের ছাত্রছাত্রীরা বিজ্ঞানের বিষয়গুলো হাতে-কলমে শিখে নিজেদেরকে সমৃদ্ধ করার পাশাপাশি দেশের উন্নয়নে এগিয়ে আসুক।

এসময় অংশগ্রহণকারীদের উদ্দেশ্যে তিনি বলেন, প্রতিযোগিতায় জয় পরাজয় থাকবেই। পরাজিত হওয়া মানেই পিছিয়ে পড়া নয়। পরাজিত হওয়ার মধ্য দিয়ে নতুন করে জয়ী হবার আশ্রয় তৈরী করতে হবে। জ্ঞান-বিজ্ঞানের চর্চায় আরো বেশী আত্মনিয়োগ করতে হবে। স্কিলফুল ম্যানপাওয়ার তৈরী করার জন্য যা করা দরকার আমরা তা করবো।

নোবিপ্রবি ইনস্টিটিউট অব ইনফর্মেশন সায়েন্সেস (আইআইএস) এর পরিচালক অধ্যাপক ড. মোহাম্মদ শফিকুল ইসলামের সভাপতিত্বে অনুষ্ঠানে পৃষ্ঠপোষক হিসেবে বক্তব্য রাখেন নোয়াখালী জেলার জেলা প্রশাসক জনাব খন্দকার ইশতিয়াক আহমেদ।

পৃষ্ঠপোষকের বক্তব্যে জেলা প্রশাসক জনাব খন্দকার ইশতিয়াক আহমেদ বলেন, আমি সাধুবাদ জানাই নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়কে এ ধরনের একটি আয়োজনের জন্য। আমাদের যুবসমাজ তথা তরুণ-তরুণী যারা আছেন এদেরকে যদি বিজ্ঞান মনস্ক করে তুলতে পারি তাহলেই আমরা সার্থক হবো। নোয়াখালী জেলার সকল শিক্ষা প্রতিষ্ঠানের প্রতি আহ্বান জানাই ছাত্রছাত্রীদেরকে বিজ্ঞান মনস্ক করবে এবং বিজ্ঞানের চর্চায় উদ্বুদ্ধ করবে।

অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন নোবিপ্রবি কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মোহাম্মদ হানিফ (মুরাদ) এবং নোয়াখালী জেলার অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) মুহাম্মদ ইসমাইল। এসময় উপস্থিত ছিলেন নোয়াখালী জেলার সহকারী কমিশনার ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট মোঃ ফাহিম হাসান খান। নোবিপ্রবি শিক্ষার্থী ফারিহা বিনতে আলম এবং সাদমান বিন রাকিনের সঞ্চালনায় অনুষ্ঠানে উপদেষ্টা হিসেবে বক্তব্য রাখেন বায়োটেকনোলজি এন্ড জেনেটিক ইঞ্জিনিয়ারিং (বিজিই) বিভাগের চেয়ারম্যান ড. মোহাম্মদ মফিজুল ইসলাম। এসময় নোবিপ্রবি সায়েন্স ক্লাবের পক্ষ থেকে বক্তব্য রাখেন ক্লাবটির সভাপতি জনাব সুনন্দ দেওয়ান এবং সাধারণ সম্পাদক জনাব ফোরকান আমিন শাওন।

উল্লেখ্য, তৃতীয় নোবিপ্রবি সায়েন্স ফেস্ট এর সমাপনী অনুষ্ঠান অনুষ্ঠিত হবে আগামীকাল ১৯ জানুয়ারি ২০২৫। স্কুল-কলেজ পর্যায়ে ২টি এবং বিশ্ববিদ্যালয় পর্যায়ে ১৪টি সহ মোট ১৬টি পর্বে এবারের সায়েন্স ফেস্ট অনুষ্ঠিত হয়। দেশের বিভিন্ন প্রান্তের স্কুল-কলেজ ও বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা এতে অংশগ্রহণ করে। শিক্ষার্থীরা এই সায়েন্স ফেস্টে অংশগ্রহণের জন্য অনলাইন এবং অফলাইন উভয় পদ্ধতিতে নিবন্ধন করে এবং তাদের তৈরী করা প্রজেক্টগুলো প্রদর্শন করে।

ইফতেখার হোসাইন  
সহকারী পরিচালক (তথ্য ও জনসংযোগ)  
মোবা ০১৭৩৩৯৯৮৮৯৪